গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
www.dshe.gov.bd
ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০১.২০.৬৫

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪২৮
১৮ মে ২০২১

বিষয়: **০৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে বৃত্তি বণ্টন।**

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২, তারিখ: ০৪/০২/২০১৬ মোতাবেক রাজস্ব খাতভূক্ত বৃত্তির সংখ্যা/কোটা ও টাকার পরিমাণ পুন:নির্ধারণ সংক্রান্ত আদেশের প্রেক্ষিতে নিম্নে উল্লিখিত সংখ্যা ও হার মোতাবেক স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে বৃত্তি প্রদানের লক্ষ্যে ২০২০-২০২১ অর্থবছরে ০৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের "মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তির" বিশ্ববিদ্যালয় ভিত্তিক কোটা বণ্টন করা হলো।

**স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে :**

| ক্রমিক | বিশ্ববিদ্যালয়ের নাম | মেধাবৃত্তি | | | সাধারণ বৃত্তি | | | বৃত্তির মেয়াদকাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | মেধাবৃত্তির সংখ্যা | বৃত্তির হার (মাসিক) | এককালীন অনুদান (বাৎসরিক) | সাধারণ বৃত্তির সংখ্যা | বৃত্তির হার (মাসিক) | এককালীন অনুদান (বাৎসরিক) | |
| ১. | ঢাকা বিশ্ববিদ্যালয় | ৩৫ | ১১২৫.০০ | ১৮০০.০০ | ১৮৭৫ | ৪৫০.০০ | ৯০০.০০ | ০১(এক) বছর |
| ২. | রাজশাহী বিশ্ববিদ্যালয় | ২৬ | | | ৯৮৪ | | | |
| ৩. | চট্রগ্রাম বিশ্ববিদ্যালয় | ১৮ | | | ৫৬২ | | | |
| ৪. | জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | ১৬ | | | ২৮১ | | | |
| ৫. | শাহজালাল বিশ্ববিদ্যালয় | ১২ | | | ১৪১ | | | |
| ৬. | খুলনা বিশ্ববিদ্যালয় | ১২ | | | ১৪১ | | | |
| ৭. | ইসলামী বিশ্ববিদ্যালয় | ১৩ | | | ১৪১ | | | |

**শর্তাবলী :**

| | |
|---|---|
| ১। | জাতীয় মেধার ভিত্তিতে বৃত্তি প্রাপ্তদের তালিকা প্রস্তুত করতে হবে। |
| ২। | বৃত্তির তালিকা প্রস্তুতের ক্ষেত্রে শিক্ষার্থী অনুপাতে মেধাবৃত্তি এবং সাধারণ বৃত্তির ৫০% ছাত্র এবং ৫০% ছাত্রী হিসেবে বণ্টিত হবে। তবে যোগ্য ছাত্রী না পাওয়া গেলে যোগ্য ছাত্র কে সম্পূরক বৃত্তি দেয়া যাবে। |
| ৩। | বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী উচ্চতর শ্রেণিতে অধ্যয়নের জন্য ভর্তি হলেই কেবল বৃত্তি ভোগের যোগ্য হবেন। |
| ৪। | এই বৃত্তির ব্যয় চলতি (২০২০-২০২১) অর্থবছরের রাজস্ব বাজেটের "১২৫০২০১-১০৮৭৬২-৩৮২১১১৭" বৃত্তি/মেধাবৃত্তি খাত হতে নির্বাহ করা হবে এবং প্রকাশিত বৃত্তির গেজেটে উল্লিখিত খাত/কোড নম্বর সঠিকভাবে মুদ্রণ করতে হবে। |
| ৫। | বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে বৃত্তির নীতিমালা অনুসরণ করে উল্লিখিত বণ্টন মোতাবেক আগামী **২৪/০৫/২০২১** তারিখের মধ্যে বৃত্তির গেজেট প্রকাশ পূর্বক প্রকাশিত বৃত্তির গেজেটের হার্ডকপির ০১ (এক) সেট সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে, ০১ (এক) সেট মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা বরাবরে প্রেরণ করতে হবে এবং প্রকাশিত গেজেটের সফ্‌ট কপি ই-মেইলে (ই-মেইল ঠিকানা- dshe.stipend@gmail.com) প্রেরণ করতে হবে। |

| | |
|---|---|
| ৬। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইটে রাজস্ব খাতভুক্ত মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তি বিষয়ক ১টি সেবাবক্স তৈরী করে বৃত্তির গেজেট/বিজ্ঞপ্তি/অফিস আদেশসমূহ নিয়মিত আপলোড করতে হবে। |
| ৭। | ২০২০-২০২১ অর্থ বছরে শিক্ষার্থীদের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে সরাসরি ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের লক্ষ্যে MIS Software এর বর্ণিত লিংকে নিম্নলিখিত নির্দেশাবলী অনুসরণপূর্বক তথ্যাদি এন্ট্রি প্রদান করতে হবে; |
| | <u>MIS সফটওয়ারে এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয় :</u><br>০১। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত ও ধারাবাহিকভাবে অধ্যয়নরত রয়েছে নিশ্চিত হয়ে তথ্য এন্ট্রি করা;<br>০২। পাঠ বিরতি রয়েছে এরূপ শিক্ষার্থীর তথ্য এন্ট্রি না দেয়া;<br>০৩। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব খুলতে হবে;<br>০৪। শিক্ষার্থীর একক বা যৌথ নামের একাউন্ট নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কোন আইন সংগত অভিভাবকের ব্যাংক হিসাব প্রদান করা যাবে না;<br>০৫। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;<br>০৬। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;<br>০৭। বিকাশ, শিউর ক্যাশ নগদসহ এ ধরণের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান না করা;<br>০৮। শিক্ষার্থীর সর্বশেষ পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম ও সন সঠিকভাবে পূরণ করতে হবে;<br>০৯। ব্যাংক, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;<br>১০। তথ্য প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন;<br>১১। তথ্য এন্ট্রি দেয়ার সময়সীমা : **২৫/০৫/২০২১ খ্রি. থেকে ৩১/০৫/২০২১ খ্রি. পর্যন্ত।**<br>**<u>তথ্য পূরণ এর জন্য লিংক নিম্নরূপ :</u>**<br># HSP & Scholarship MIS এর URL (লিংক) : **hspbd.com/HSP-MIS/login**<br># প্রশিক্ষণ ও অন্যান্য তথ্যের জন্য :<br>**https://www.facebook.com/groups/spbmu** |

১৯-৫-২০২১
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

রেজিস্ট্রার,
ঢাকা/রাজশাহী/চট্রগ্রাম/জাহাঙ্গীরনগর/শাহজালাল/খুলনা/ইসলামী
বিশ্ববিদ্যালয়।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০১.২০.৬৫/১(১৪)

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪২৮
১৮ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) পরিচালক(সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
৩) নির্বাহী পরিচালক,, এসপিএফএমএসপি প্রজেক্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ২৫, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
৪) উপপরিচালক, সাধারণ প্রশাসন শাখা , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৫) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ নং পুরানা পল্টন, ঢাকা।
৬) বিভাগীয় কন্ট্রোলার অব একাউন্টস/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বিভাগ/জেলা/উপজেলা হিসাব রক্ষণ অফিস...............................................।,

৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর। (''২০২০-২০২১ অর্থ বছরে স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে মেধা ও সাধারণ বৃত্তির কোটা বন্টনের অফিস আদেশ'' শিরোনামে পত্রটি মাউশি'র ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশ ও পত্রটি ০৭টি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর ই-মেইলে প্রেরণ এবং বর্ণিত অফিস আদেশের আলোকে বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে শিক্ষার্থীদের তথ্য ইএমআইএস সেল-এ প্রেরিত হয়েছে কিনা এ বিষয়ে নিশ্চিতকরণের অনুরোধসহ)

৮) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

৯) সংরক্ষণ নথি।



১৯-৫-২০২১

মোঃ নুরুল ইসলাম চৌধুরী

উপ-পরিচালক (একিউএইউ)